দামুড়হুদায় বোয়ালমারী গ্রামে কৃষকের গোয়াল ঘরে অগ্নিকাণ্ডে গরু ছাগল ভস্মীভূত

দামুড়হুদা উপজেলার নাটুদা ইউনিয়নের বোয়ালমারী পশ্চিম পাড়ার কৃষক আলালের ছেলে জহিরুলের বাড়ির গোয়াল ঘরে আগুন লেগে তিনটি গরু ও দু’টি ছাগলের মৃত্যু হয়েছে।

আজ বৃহস্পতিবার ভোর সাড়ে ৫টার দিকে এ দুর্ঘটনা ঘটে। আগুন নেভানোর আগেই গরু ও ছাগলগুলো মারা যায়। পরে মেহেরপুরের ফায়ার সার্ভিসের কর্মীরা খবর পেয়ে ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রে নেবার আগেই সব পড়ে ভস্মীভূত হয়ে যায়।

জানা যায়, দামুড়হুদা উপজেলার নাটুদার বোয়ালমারীর কৃষক জহিরুল ইসলাম মশার উপদ্রব থেকে রক্ষা পেতে প্রতিদিনের ন্যায় গোয়াল ঘরের ভিতরে মশার কয়েল জ্বালান এবং মাঝে মাঝে পোয়াল দিয়ে ধুমা দেন। ধারণা করা হচ্ছে এ থেকেই আগুনের সূত্রপাত হয়েছে। আগুন লেগে তিনটি জার্সি গরু, দু’টি ছাগলসহ গোয়ালঘরটিও পুড়ে ভস্মীভূত হয়ে গেছে।

সবমিলে অন্তত ৩ লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে। এছাড়াও বিভিন্ন এনজিওতে ঋণ রয়েছে। জহিরুল বলেন, কৃষি জমি চাষাবাদ করে ৬ সদস্যের পরিবার নিয়ে অভাবের সংসার আমার। গরু ও ছাগলগুলো মারা যাওয়ায় আমি একদম নিঃস্ব হয়ে গেলাম।

সকালে স্থানীয় ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে ছুটে আসেন ও দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা দুর্ঘটনাস্থল পরিদর্শন করেন এবং নগদ অর্থ জহিরুলের হাতে তুলে দেন।

এসময় উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা বলেন কৃষক জহিরুলের গরুগুলো পুড়ে মারায় বড় ক্ষতি হয়ে গেল। এ অবস্থায় তার সহযোগিতা প্রয়োজন। আমার অফিস বরাবর একটি লিখিত দরখাস্ত করার জন্য বলা হয়। আমার অফিসের পক্ষে থেকে সার্বিক সহযোগিতা করবো।